DESCO
POWER IS YOURS
ISO 9001 : 2015 Certified
ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড

২২/বি, ফারুক সরণি, নিকুঞ্জ-২
খিলক্ষেত, ঢাকা-১২২৯, বাংলাদেশ।
ফোন ঃ +৮৮ ০২ ৮৯০০১১০-১১, ৮৯০০৮২০-২৩
ফ্যাক্স ঃ +৮৮ ০২ ৮৯০০১০০
ই-মেইল : info@desco.org.bd, mddesco@desco.org.bd
ওয়েবসাইট : www.desco.org.bd

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২১.৯৭৬

তারিখঃ ১৩ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ / ২৮ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

QF-PRJ-06

জনাব মোঃ রাকিবুল ইসলাম
ডেপুটি জেনারেল ম্যানেজার ইঞ্জিনিয়ারিং
পপুলার ফর্মাসিউটিক্যালস লিমিটেড
১৬৪, টঙ্গী শিল্প এলাকা, গাজীপুর-১৭১১।
ফোন-৯১০১৭৩০-২।

বিষয়ঃ লোড ছাড়পত্র প্রদান।

সূত্রঃ (১) আবেদন নং-৬১৩ (টঙ্গী পূর্ব), এসই (পিএন্ডডি)-৯০২, তাং-২৯/০৯/২০২১ খ্রিঃ।
(২) স্মারক নং-২৭.২৪.০০০০.০৩৩.৩১.০০১.২১.৯১৯, তারিখ-১১/১১/২০২১ খ্রিঃ।
(৩) ১৮/১১/২০২১ তারিখের পে-অর্ডার নং-৩৯৮৭৫৪৫ (প্রাইম ব্যাংক লিঃ), টাকা = ৬৩,০০০/-

বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, 'পপুলার ফর্মাসিউটিক্যালস লিমিটেড', ১৬৪, টঙ্গী শিল্প এলাকা, গাজীপুর স্থাপনার জন্য বিদ্যমান ৩৬০০ কিঃওঃ লোডের অতিরিক্ত ১৪০০ কিঃওঃ বৃদ্ধি করে সর্বমোট (৩৬০০+১৪০০)= **৫০০০ (পাঁচ হাজার)** কিঃওঃ লোড ছাড়পত্রের আবেদনের প্রেক্ষিতে জুন-২০২২ খ্রিঃ পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্র প্রদান করা হলোঃ-

শর্তসমূহঃ

১। ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন প্রযোজ্য হবে।

২। বিদ্যুৎ চাহিদা ৮০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ কেভি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্লান্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজ খরচে স্থাপন করতে হবে।

৩। সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরন বিভাগ (টঙ্গী পূর্ব) বরাবর আবেদন করতে হবে।

৪। বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকো'র 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন করতে হবে।

৫। সংযোগ গ্রহণের পর ডেসকো নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।

৬। সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর 'মূল্য হার ও নিয়মাবলী-৮৯ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রযোজ্য হবে।

৭। উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।

৮। ডিপোজিট স্কীমের আওতায় কাজ সম্পাদন করা হলে, কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility ডেসকো'র সম্পদ বলে গন্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষন করে।

৯। টঙ্গী-২ উপকেন্দ্রের "তিস্তা" ফিডারের আওতাধীন এস.এস প্রিন্টিং RMU এবং টঙ্গী-৩ উপকেন্দ্রের CDL RMU ফিডারের আওতাধীন Bravo Apparel RMU এর মধ্যে আন্তঃসংযোগ স্থাপনের পর বিদ্যুৎ সংযোগ প্রদান করা হবে।

১০। উক্ত ছাড়পত্র জুন-২০২২ খ্রিঃ পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকো'র সার্বিক কার্যক্রমে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

২৮.১১.২১

(প্রকৌঃ মোঃ আখেরুল ইসলাম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।

অনুলিপি (সদয় অবগতির জন্য) ঃ

১। প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএন্ডডি অপারেশন, ইস্ট জোন-২।
৩। নির্বাহী প্রকৌশলী, বিওবি বিভাগ (টঙ্গী পূর্ব)।
৪। অফিস কপি।